

## পাত্রী চাই

এতদ্বারা কাগজেতে বিজ্ঞাপিত করি  
পাত্রী চাই, অপরূপা, পরমাসুন্দরী।  
অষ্টাদশী, সুগঠনা, দীর্ঘ নূনতম  
পাঁচ ফুট দুই, তার চেয়েতে বেশীও  
নয়, কমও।

রংটি গায়ের বাঞ্ছনীয় টিনোপোলের  
মতো  
শিক্ষাগত যোগ্যতাটি এইচ.এস  
অন্তত।

সাহিত্য, আর্ট, নৃত্যাভিনয় কিম্বা গ  
ানে  
জ্ঞান-গম্যি বিশেষ না থাক, একটু  
যেন জানে।

এসব ছাড়া বিশেষভাবে প্রকাশ অ  
ারো থাকে  
স্লাকড করা ভু, বব্ছাট চুল, লম্বাটে  
নখ রাখে।

ফিল্ম দুনিয়ার নায়িকাদের মতন না  
ভি-তলে  
শাড়ী যেন পরতে শেখে এবং যা' যা'  
চলে।

দাবী-দাওয়া বলতে গেলে নেই  
সেরকম কিছু  
যাই দেওয়া হোক 'মান'-টা শুধু হয়  
না যেন নীচু।

কালার টি.ভি., ফ্রিজ ভি.ডি.ও. আলমির  
আর সোফা  
এসবমাত্র কয়েকটা নাম, হয় যেন সব তে  
াফা।

নগদ টাকা হাজার আশি, গয়না যেমন স  
াধ্য  
পারেন দেবেন, তা' নিয়ে নেই বিশেষ কে  
ানো বাধ্য--

কতা। কারণ স্বয়ং লক্ষ্মী আসবে যখন  
ঘরে  
ভরি বিশেক শ্রী অঙ্গে তার দিলেই হবে  
ভরে।

অন্যান্য আর যা দাবী সে সব কিছু অমন  
নয় যে মোটে, ছোটখাটই, একেবারেই ...  
এবস্থিধ শর্ত এবং গুণাবলী সহ

থাকলে মেয়ে, গার্জেন বা স্বয়ং অনুগ্রহ --  
করে লিখুন ফোটা সহ, নীচের ঠিকানাতে  
ছেলের ডিটেলস্? জানতে পাবেন সবি স  
াঙ্কাতে।

দিগম্বর দাশগুপ্ত

